Sylheti তথ্য

সেন্ট অ্যালবান'স চার্চ অফ ইংল্যান্ড প্রাইমারি স্কুলের [St Alban's Church of England Primary School] ভবিষ্যৎ লইয়া কনসালটেশন বা পরামর্শ গ্রহণ

শিক্ষা গ্রহণ করার লাগি ক্যামডেন একটা চমৎকার জাগা। আমরা আমরার চমৎকার স্কুল ও স্টাফ অকলরে লইয়া গর্ব বোধ করি যারা শিশুরারে উত্তম শিক্ষা দেওয়ার লাগি প্রতিদিন কঠোর পরিশ্রম করইন।

আমরা চাই ক্যামডেনের প্রত্যেকটা শিশু যেন তার নিজের চাহিদার উপযোগী স্থানীয় স্কুলে পড়াবার সুযোগ পায়, যাতে করিয়া তারা শিখার, বন্ধুত্ব গড়িয়া তুলার এবং নিজেরার প্রতিভার বিকাশ ঘটানির লাগি উত্তম পরিবেশ পায়।

ক্যামডেন এবং পুরা লন্ডনের স্কুলহকল দিন দিন টেকাপয়সার ব্যাপারে আরো বেশি চাপের মুখোমুখি অইতাছে।

জন্মহার কমি যাওয়া এবং অনেক পরিবার লন্ডন শহর ছাইরা বাইরে চলি যাওয়ার কারণে স্কুলে ভর্তি হওয়ার মতো শিশুর সংখ্যা কমি যাইতাছে ; যার ফলে শিক্ষার্থীর সংখ্যা কমের এবং স্কুলহকলো আসন খালি থাকিযার।

প্রত্যেকটা খালি আসনের কারণে প্রাইমারি স্কুলহকলে বছরে গড়ে ৭,৫০০ পাউন্ড এবং সেকেন্ডারি স্কুলহকল বছরে গড়ে ৯,৭০০ পাউন্ডের গুরুত্বপূর্ণ সরকারি অনুদান হারাইতাছে।

একটা কাউন্সিল হিসাবে, পর্যাপ্ত সংখ্যক মানসম্মত ও দীর্ঘমেয়াদের টেকসই স্কুলের আসন নিশ্চিত করা এবং ওউ আসনগুলা দক্ষতার সাথে পরিচালনা করা আমরার দায়িত্ব।

শিক্ষার্থীর সংখ্যা কমি যাওয়ায়, স্কুলগুলার সাথে ঘনিষ্ঠভাবে কাজ কইরা অউ বিষয়টা আমরার সামাল দেওয়া লাগবো।

আমরার স্কুল সাফিসিয়েন্সির প্রোগ্রামের [স্কুলের পর্যাপ্ততার কর্মসূচি] অংশ হিসাবে বিগত এক বছর ধরি আমরা অউ সমস্যাগুলার কারনে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত স্কুলগুলার সাথে ঘনিষ্ঠভাবে কাজ কইরা যাইরাম, যাতে তারা অউ চ্যালেঞ্জগুলা মোকাবিলা করত পারে।

সকলের অঙ্গীকার থাকা সত্ত্বেও অউ ক্ষতিগ্রস্ত অওয়া চারটা স্কুলের মাঝে সেন্ট অ্যালবান'স চার্চ অফ ইংল্যান্ড প্রাইমারি স্কুল অন্যতম। অউ স্কুলটা এখনও সব থাকি বেশি ও দীর্ঘস্থায়ী চাপের সম্মুখীন অইতাছে, এর মধ্যেে আছে::

- অনেক ছাত্র-ছাত্রীর ভর্তিযোগ্য আসন শূন্য থাকে
- দিন দিন টেকাপয়সার চাপ বাড়া।

১২ই অক্টোবর ২০২৬ তারিখ আমরা একটা রিপোর্ট প্রকাশ করছিলাম। অউ রিপোর্টো **সেন্ট অ্যালবান'স চার্চ অফ ইংল্যান্ড প্রাইমারি স্কুলের ভবিষ্যৎ লইয়া কনসালটেশন [পরামর্শ] করার সুপারিশ করা অইছিল।** ২০ অক্টোবর ২০২৬ তারিখ ক্যামডেনের ক্যাবিনেটের সদস্যরা অর্থাৎ নেতৃস্থানীয় কাউন্সিলর অখলরে লইয়া গঠিত গ্রুপের একটা সভা

অইছিল। অউ সভায় কনসালটেশন বা পরামর্শ গ্রহণের প্রক্রিয়া আগাইয়া নেওয়ার সিদ্ধান্ত লওয়া অইছিল।

অউ কনসালটেশনটা এখন ২রা নভেম্বর সকাল ৯টা থাকি ১৪ই ডিসেম্বর ২০২৬ তারিখ সকাল ৯টা পর্যন্ত ৬ সপ্তাহের লাগি খোলা আছে - তাই দয়া কইরা আপনার মতামত দেওকা।

- যে কুনো ব্যক্তি নিচের ওয়েবসাইটো গিয়া অনলাইনে কনসালটেশন সম্পন্ন করতে পারবা: **consultations.wearecamden.org/schools/stalbans**
- আপনার সন্তান যদি **সেন্ট অ্যালবান'স চার্চ অফ ইংল্যান্ড প্রাইমারি স্কুলের** একজন ছাত্র/ছাত্রী অয় এবং আপনে যদি অনলাইনে কনসালটেশন না কইরা পেপারো [কাগজে] কনসালটেশন ফরম পূরণ করতে চাইন, তা অইলে আপনে স্কুল থাকি একটা ছাপানো কপি সংগ্রহ কইরা জমা দিতে পারবা। যেকোন ব্যক্তিয়ে ইমেইলের মাধ্যমে পাঠাইতে পারবা, অউ ইমেইল ঠিকানা অইলো **stalbansconsultation@camden.gov.uk**
- কেউ যদি ইজি রিড [EasyRead] বা অন্য কোনো ভাষায় কনসালটেশন বুকলেট পাইতে চাইন, তা অইলে ইমেইল করবা **stalbansconsultation@camden.gov.uk**

এছাড়া, অউ স্কুলো পড়া-শুনা করে, এমন শিশু অখলোর মা-বাবা ও কেয়ারার অখলোর লাগি তারার সশরীরে উপস্থিতির মাধ্যমে একটা পরামর্শ সভার আয়োজন করা অইবো। তারার লগে আরও তথ্য সরাসরি শেয়ার করা অইবো।

নিচের অপশনগুলা ব্যাপারে আপনারার মতামত নেওয়া অইবো এবং অতিরিক্ত কোনো অপশন থাকলে, অউগুলা জানাইতে বা চিহ্নিত করার লাগিও আপনারারে আমন্ত্রণ জানানি অইবো।

- স্কুলের প্রকাশিত ভর্তির আসন সংখ্যা (PAN) কমাইয়া কম সংখ্যক আসনে ভর্তি করা।
- ক্যামডেনের অন্য একটা প্রাইমারি স্কুলোর সাথে একত্রীকরণ [একত্রিত করা], অর্থাৎ সেন্ট অ্যালবান'স বন্ধ খইরা স্কুলের বর্তমান ছাত্র-ছাত্রী অখলরে সেই স্কুলে স্থানান্তর করা অইবো।
- স্কুলটা বন্ধ করি দেওয়া।

কনসালটেশনে আপনার মতামত জানানির আগে, আমরা কনসালটেশন প্যাকটি ভালাভাবে পড়ার লাগি আপনারে বিশেষভাবে উৎসাহিত করতেছি। এতে স্কুলের তথ্য-উপাত্ত এবং প্রতিটি অপশন সম্পর্কে আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা দেওয়া আছে।

কনসালটেশনের সময় প্রত্যেকটা স্কুলের ক্ষেত্রে প্রত্যেকটা অপশনের ফলে কী ধরনের প্রভাব পড়তো পারে, অউ বিষয়ে আমরা তথ্য-প্রমাণ সংগ্রহ করমু।

এই তথ্য-প্রমাণগুলা একটা রিপোর্টো তুলিয়া ধরা অইবো এবং আমাদের প্রস্তাবিত পরবর্তী পদক্ষেপগুলা নির্ধারণে ব্যবহার করা অইবো। ২০২৭ সালের ফেব্রুয়ারি মাসে ক্যাবিনেট সদস্যরা অউ পদক্ষেপগুলার বিষয়ে সিদ্ধান্ত লইবা।

আরও তথ্য জানার লাগি

- এই ওয়েবসাইট থাকি কনসালটেশনের ডকুমেন্টটা ডাউনলোড কইরা পড়উকা **consultations.wearecamden.org/schools/stalbans**
- প্রশ্নগুলোর উত্তর, সহজে পড়ার উপযোগী [EasyRead] বিষয়বস্তু এবং অন্যান্য ভাষায় তথ্য পেতে ভিজিট করউকা - **camden.gov.uk/SchoolConsultations**
- আপনে নিচের ইমেইল ঠিকানায় ইমেইলের মাধ্যমে প্রশ্ন পাঠাইতে পারবা - **stalbansconsultation@camden.gov.uk**

ছয় সপ্তাহব্যাপী কনসালটেশন শেষে প্রত্যাশিত পরবর্তী পদক্ষেপসমূহ:

- **ফেব্রুয়ারি ২০২৭:** ক্যাবিনেট সদস্যরা কনসালটেশনের ফলাফলসহ অন্যান্য বিষয় পর্যালোচনা করবা এবং প্রত্যেকটা স্কুলের লাগি কোন অপশন পরবর্তী পর্যায়ে আগাইয়া নেওয়া অইবো, অউগুলা বিবেচনা করবা।
- **ফেব্রুয়ারি ২০২৭:** ক্যাবিনেট সদস্যরা যদি কোনো স্কুলরে অন্য স্কুলের লগে একত্রীকরণ করার বা বন্ধ করার প্রস্তাবের পক্ষে সিদ্ধান্ত লইন, তা অইলে পরবর্তী ধাপে ৪ সপ্তাহব্যাপী একটা নির্ধারিত বিধিবদ্ধ কনসালটেশন পর্ব থাকবো। অউ সময় স্কুল কর্তৃপক্ষ, মা-বাবা ও কেয়ারার এবং অন্যান্য অংশীজনরা অউ প্রস্তাবের বিষয়ে আবারও তারার মন্তব্য জানাইতে পারবা।
- **এপ্রিল ২০২৭:** কেবিনেট যেকোনো প্রস্তাবের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত লইবা।
- **২০২৭ সালের এপ্রিল থাকি মে মাস:** যে সিদ্ধান্তগুলা লওয়া হইব তার ফলে যদি স্কুলের স্টাফরার উপরে কোনো প্রভাব পড়ে, তাইলে স্কুলের স্টাফরার লাগি একটা আনুষ্ঠানিক কনসালটেশন প্রক্রিয়া শুরু অইবো।
- **বাস্তবায়নের তারিখ:** কোনো পরিবর্তনের বিষয়ে সম্মতি অইছে কি না এবং যদি অইয়া থাকে, তাইলে কী ধরনের পরিবর্তনের বিষয়ে সম্মতি অইছে, তার ওপর বাস্তবায়নের তারিখ নির্ভর করবো। তবে পরবর্তী শিক্ষাবর্ষ (সেপ্টেম্বর ২০২৭) থাকি পরিবর্তনগুলা বাস্তবায়ন করা যাইতো পারে।

আমরা জানি এই খবরটা হুনতে কষ্ট লাগবো, কিন্তু পরিস্থিতি যাতে আরও খারাপ না অয় এবং বর্তমান ও ভবিষ্যতে ক্যামডেন কাউন্সিলের সকল শিশু অখলোর লাগি শক্তিশালী স্থানীয় শিক্ষার সুযোগ সুরক্ষিত রাখতাম পারি, তার লাগি আমরার এখন অউ পদক্ষেপে নেওয়া প্রয়োজন।

আমরা আরও বুঝরাম, অউ সময়টা আফনার লাগি খুবই কষ্টদায়ক সময়। এখনও কোনো সিদ্ধান্ত নেওয়া অইছে না এবং আমরা আপনারারে সব সময় অগ্রগতির খবর জানাইইয়া রাখমু।